# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আনছারদের সন্দেহ (شك الانصار بالرسول صـ)

রাসূলুল্লাহ (ছাঃ) যখন দু’হাত উঠিয়ে প্রার্থনায় রত ছিলেন, তখন আনছারগণ আপোষে বলাবলি করতে থাকেন, হয়তবা আল্লাহর রাসূল (ছাঃ) মক্কাতেই থেকে যাবেন। আর মদীনায় ফিরে যাবেন না। কেননা মক্কা তাঁর শহর, তাঁর দেশ ও তাঁর জন্মভূমি(بَلَدُهُ وَوَطَنُهُ وَمَوْلِدُهُ) দো‘আ থেকে ফারেগ হয়ে আল্লাহর রাসূল (ছাঃ) আনছারদের ডেকে বলেন, তোমরা কি বলছিলে? তারা বললেন, তেমন কিছু নয়। কিন্তু রাসূল (ছাঃ)-এর পীড়াপীড়িতে অবশেষে তারা সব বললেন। তখন জবাবে রাসূলুল্লাহ (ছাঃ) তাদেরকে দ্ব্যর্থহীন ভাষায় জানিয়ে দিলেন,مَعَاذَ اللهِ الْمَحْيَا مَحْيَاكُمْ وَالْمَمَاتُ مَمَاتُكُمْ ‘আল্লাহর আশ্রয় চাই। আমার জীবন তোমাদের সাথে ও আমার মরণ তোমাদের সাথে’।[1]

## ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/৪১৬; আলবানী, ফিক্বহুস সীরাহ, ৩৯৯ পৃঃ, সনদ ছহীহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5595

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন